# জন্ম নিবন্ধন সংশোধন সম্পর্কিত কিছু তথ্য

আপনারা যারা **জন্ম নিবন্ধন** সংশোধন ফরম ২০২২ পিডিএফ ফাইল আকারে ডাউনলোড করতে চেয়েছেন তারা আমাদের ওয়েবসাইট থেকে এই পিডিএফ ফাইল ডাউনলোড করতে পারবেন। তবে আমাদের ওয়েবসাইটের এই পোস্টের শুরুতেই প্রথমে আপনাদেরকে বলে দিতে চাই যে আপনারা জন্ম নিবন্ধন সংশোধন ফরম ২০২২ ডাউনলোড করে নিয়ে কোন কাজে লাগাতে পারবেন না। কারণ জন্ম নিবন্ধন সনদ সংক্রান্ত নতুন আবেদন থেকে শুরু করে তথ্য সংশোধনের জন্য আবেদন করতে হলে আপনাকে অনলাইনের মাধ্যমে তথ্য ইনপুট করতে হবে। এর আগে যখন জন্ম নিবন্ধন সনদের তথ্য সংশোধন করার প্রয়োজন হতো তখন নির্দিষ্ট একটি ফরম পূরণ করে স্থানীয় নিবন্ধকের কার্যালয় জমা দিলে তারা সেই তথ্য সংশোধন করে দিত।

কিন্তু বর্তমানের নতুন নিয়ম অনুসারে আপনাকে জন্ম নিবন্ধনের তথ্য সংশোধন করতে হলে আপনাকে অবশ্যই অনলাইনের মাধ্যমে আবেদন করতে হবে এবং তথ্য প্রমাণ স্বরূপ আপনাকে প্রয়োজনীয় কাগজপত্র অনলাইনে ছবি তুলে আপলোড করার পাশাপাশি আবেদনপত্রসহ স্থানীয় সরকার বিভাগে তা জমা দিতে হবে। তবে আপনারা যেহেতু জন্ম নিবন্ধন সনদের তথ্য সংশোধন ফরম কেমন হবে এবং এ ক্ষেত্রে কোন কোন তথ্য দিয়ে তথ্য সংশোধনের আবেদন করতে হবে সে সম্পর্কে আপনাদের বেসিক ধারণা এই পোষ্টের মাধ্যমে প্রদান করব।

তবে জন্ম নিবন্ধন সনদ সংশোধন ফরম এর ক্ষেত্রে অথবা এই ফ্রম পেতে হলে আপনাকে অবশ্যই https://bdris.gov.bd/br/correction ওয়েবসাইটের লিঙ্কে প্রবেশ করতে হবে। সেখানে গিয়ে আপনাকে জন্ম নিবন্ধন সনদ এর নাম্বার প্রদান করতে হবে এবং জন্মতারিখ এ দিয়ে অনুসন্ধান করতে হবে। আপনি যে ব্যক্তির তথ্য পেতে যাচ্ছেন সেই ব্যক্তির তথ্য যদি অনুসন্ধান করে পেয়ে যান তাহলে নিশ্চিত করতে হবে পরে গিয়ে আপনাদের ঠিকানা সংক্রান্ত তথ্য প্রদান করতে হবে। তারপরে পরবর্তী পেজে গিয়ে আপনাদেরকে বিষয় নির্ধারণ করতে হবে।

অর্থাৎ আপনি তথ্য সংশোধন করার ক্ষেত্রে কোন কোন তথ্য সংশোধন করতে চান তারা সেখান থেকে অপশন পেয়ে যাবেন এবং ভুল তথ্যের পরিবর্তে কোন সঠিক তথ্য দিয়ে নতুন আবেদন করতে চান তারা সেখানে প্রদান করে অন্যান্য তথ্য লিপিবদ্ধ করতে হবে। এরপরে আপনারা সেই জন্ম নিবন্ধন সংশোধন ফরম পূরণ করার জন্য যিনি এই আবেদন ফরম পূরণ করছেন তার সঙ্গে নিবন্ধনকারীর সম্পর্ক কি তা উল্লেখ করে মোবাইল নাম্বার এবং ইমেইল এড্রেস প্রদান করতে হবে।

তারপরে জন্ম নিবন্ধন সনদের তথ্য সংশোধন করার ক্ষেত্রে প্রয়োজনীয় যে সকল প্রমাণাদি রয়েছে সেগুলো ছবি তুলে ১০০ কিলোবাইট এর ভেতরে রেজুলেশন রেখে সেখানে আপলোড করতে হবে। পরবর্তী পেজে গিয়ে দেখতে হবে যে আপনি জন্ম নিবন্ধন সনদের জন্য যে সকল তথ্য ইনপুট করলেন সেগুলো সঠিক কিনা। যদি সঠিক হয়ে থাকে তাহলে সাবমিট বাটনে ক্লিক করতে হবে এবং পরবর্তী পেজে গিয়ে আপনাকে অ্যাপ্লিকেশন আইডি সংগ্রহ করতে হবে ও আবেদন পত্র পিডিএফ আকারে ডাউনলোড করে প্রিন্ট দিয়ে দিতে হবে।

এখন আপনাকে এই আবেদন পত্রের প্রিন্ট সহ অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্রসহ স্থানীয় সরকার বিভাগ অথবা নিবন্ধকের কার্যালয় যোগাযোগ করতে হবে। অবশ্যই আবেদনপত্র প্রিন্ট দেওয়ার অল্প কিছু দিনের ভেতরেই আপনারা এই আবেদন পত্র নিয়ে স্থানীয় সরকার বিভাগ এ যোগাযোগ করবেন। তাহলে তারা পরবর্তী প্রসেস অনুসরণ করে আপনার জন্ম নিবন্ধন সনদের আবেদনের প্রেক্ষিতে তথ্য সংশোধন করে দিবে এবং আপনাকে কিছু দিনের ভেতরেই সংশোধন করা জন্ম নিবন্ধন সনদের অরিজিনাল কপি প্রদান করবে।

তাই জন্ম নিবন্ধন সনদ সংশোধন ফরম পূরণ করার জন্য যে তথ্য আপনারা পেতে চাইছেন অথবা যে পিডিএফ ফাইল আপনারা পেতে চাইছেন সেই পিডিএফ ফাইল সংগ্রহ করার চাইতে উপরে উল্লেখিত তথ্য অনুসারে সংশোধন ফরম অনলাইনে পূরণ করুন। তাছাড়া আমাদের ওয়েবসাইটে আপনাদের সুবিধার জন্য জন্ম নিবন্ধন সনদের তথ্য সংশোধন কিভাবে করা যায় সে সম্পর্কিত বিস্তারিত পোস্ট লেখা আছে এবং সেই পোস্ট পড়লেই আপনারা ধাপে ধাপে কোন তথ্য কিভাবে লিপিবদ্ধ করতে হবে সে বিষয়ে বিস্তারিত তথ্য বুঝিয়ে দেওয়া হয়েছে।

## জন্ম নিবন্ধন আবেদন বাতিল করার নিয়ম

আপনি কি **জন্ম নিবন্ধন** আবেদন বাতিল করার সঠিক নিয়ম জানতে চান? আমাদের ওয়েবসাইটে যাদের জন্ম নিবন্ধন আবেদন বাতিল করার প্রয়োজন রয়েছে তাদের উদ্দেশ্যে গুরুত্বপূর্ণ তথ্য প্রদান করা আছে। তাছাড়া জন্ম নিবন্ধন সনদ সংক্রান্ত অন্যান্য তথ্য পেতে চাইলে অবশ্যই আমাদের ওয়েবসাইটে সূচিপত্র দেখবেন এবং সেখান থেকে আপনাদের প্রয়োজনীয় তথ্য অনুসারে যাবতীয় কর্মকাণ্ড সম্পাদন করবেন। তাই আজকে আপনাদের বিশেষ সুবিধার জন্য আমাদের ওয়েবসাইটে জন্ম নিবন্ধন আবেদন বাতিল করার নিয়ম জানাতে চাইছি। প্রকৃতপক্ষে জন্ম নিবন্ধনের জন্য আপনি যদি আবেদন করে থাকেন তাহলে সেই আবেদন কোনভাবে বাতিল করা যাবে না। কারণ আপনি যখন অনলাইনের মাধ্যমে জন্ম নিবন্ধন সনদের আবেদন করবেন এবং সেই আবেদন যখন সাবমিট করবেন তখন জন্ম নিবন্ধন সনদ সংশোধন করার জন্য অথবা আবেদন করার জন্য যে ওয়েবসাইট রয়েছে সেখানে তথ্য লিপিবদ্ধ হয়ে যাবে।

তখন আপনি আপনার জন্ম নিবন্ধনের আবেদন কোনভাবে পরিবর্তন করতে পারবেন না এবং পরবর্তীতে জন্মনিবন্ধনের যাবতীয় কাজ আপনাকে সম্পাদন করতে হবে। তবে আপনি যদি জন্ম নিবন্ধন আবেদন বাতিল করার আরও একটি নিয়ম জানতে চান তাহলে এখান থেকে তা জেনে নিতে পারেন।আপনি যদি জন্ম নিবন্ধন সনদের কোনো তথ্য পরিবর্তন করে দেখেন যে সেই তথ্য পরিবর্তন করার প্রয়োজন নেই তাহলে আপনাকে অন্য একটি পথ অবলম্বন করতে হবে।আপনি জন্ম নিবন্ধনের আবেদন অনলাইনে সম্পন্ন করার পর যখন আবেদনপত্র প্রিন্ট দিলেন এবং পৌরসভায় জমা দিলেন তখন আপনার জন্ম নিবন্ধন সনদ পুরোপুরি ভাবে গ্রহন করা হয়ে গেল। কিন্তু নতুন তথ্য অনুসারে আপনার জন্ম নিবন্ধন সনদের আবেদন কপি প্রিন্ট দেওয়ার পরে যদি আপনি ১৫ দিনের ভেতরে নিবন্ধকের কার্যালয় জমা না দিতে পারেন তাহলে আপনার এই আবেদন অটোমেটিক বাতিল হয়ে যাবে। কিন্তু অনলাইনের মাধ্যমে কোন প্রসেস নেই যেখান থেকে আপনি আপনার জন্ম নিবন্ধন সনদের আবেদন বাতিল করতে পারবেন।

তারপরেও আমরা আপনাদেরকে এখানে আরো একটি তথ্য প্রদান করতে চাই যে তথ্যের মাধ্যমে আপনারা জেনে নিতে পারবেন আপনাদের জন্ম নিবন্ধন সনদ যদি একাধিক থেকে থাকে অথবা জন্ম নিবন্ধন সনদ যদি কোন একটি বাতিল করতে চান তাহলে কোন নিয়ম অনুসরণ করতে হবে। এর আগে জন্ম নিবন্ধন সনদ হাতে লেখা হতো বলে অনেক মানুষ জন্ম নিবন্ধন সনদ হাতে লিখে ফেলেছেন। আবার পরবর্তীতে ডিজিটাল করার সময় নতুনভাবে আবেদন করে জন্ম নিবন্ধন সনদ তৈরি করেছেন।

তবে একই স্থান প্রদান করে এবং পিতা-মাতার নাম ব্যবহার করে একজন ব্যক্তি কখনোই জন্ম নিবন্ধন সনদ দুইবার তৈরি করতে পারবে না।তবে কোনভাবে যদি আপনার জন্ম নিবন্ধন সনদের নাম্বার আলাদা আলাদা হয়ে থাকে এবং তথ্য অনুসন্ধান করে

দেখতে পান যদি আপনার জন্ম নিবন্ধন সনদের তথ্য অনলাইনে দেওয়া আছে তাহলে আপনাকে নির্দিষ্ট একটি জন্ম নিবন্ধন সনদ ব্যবহার করতে হবে। কারণ একজন ব্যক্তির জন্ম নিবন্ধন সনদ যখন একাধিক ব্যবহার করবে তখন এটি তার জন্য আইনত দণ্ডনীয়।

তাই আপনার জন্ম নিবন্ধন সনদের যদি একাধিক কপি থাকে এবং তথ্য অনুসন্ধান করে যদি অনলাইনে উভয় তথ্য পেয়ে যান তাহলে আপনাকে একটি জন্ম নিবন্ধন রেখে অন্য একটি জন্ম নিবন্ধনের তথ্য বাতিল করতে হবে। তার জন্য আপনারা জন্ম নিবন্ধন এর অফিশিয়াল ওয়েবসাইটে প্রবেশ করবেন এবং সেই অফিশিয়াল ওয়েবসাইট এর তথ্য বাতিল করার পেজের লিংক হলো https://bdris.gov.bd/br/certificate-cancellation-application । এখানে প্রবেশ করার পর আপনারা সর্বপ্রথমে আপনার জন্ম নিবন্ধন সনদের যে তথ্য বাতিল করতে চান সেই তথ্যের জন্ম জন্ম নিবন্ধন সনদ এর নাম্বার প্রদান করা লাগবে। এক্ষেত্রে আপনি ১৭ ডিজিটের নাম্বার প্রদান করার পর জন্ম নিবন্ধন সনদ অনুযায়ী জন্ম তারিখ সঠিকভাবে দিয়ে দিন। তারপরে আপনাকে অনুসন্ধান করতে হবে এবং অনুসন্ধান অনুযায়ী যে তথ্য প্রদান করা হয়েছে সেই তথ্য যদি আপনার হয়ে থাকে তাহলে আপনাকে নিশ্চিত করতে হবে।

নিশ্চিত করুন অপশনে ক্লিক করলেই আপনাদের সামনে কনফার্ম অপশন চলে আসবে এবং সেখান থেকে আপনাদের কনফার্ম এর জন্য ইয়েস করতে হবে। তারপরে আপনারা পরবর্তী পেজে চলে যাবেন এবং সেখানে গিয়ে আপনারা যার জন্ম নিবন্ধন সনদ বাতিল করতে চান তার ঠিকানা প্রদান করা লাগবে। এক্ষেত্রে সেই ব্যক্তির দেশ থেকে শুরু করে স্থানীয় পর্যায়ের ইউনিয়ন নম্বর অথবা ওয়ার্ড নাম্বার সহ যাবতীয় তথ্য সঠিকভাবে প্রদান করে পরবর্তী অপশনে ক্লিক করে পরবর্তী পেজে যেতে হবে।

সেখানে চলে গেলে আপনাদের জন্ম নিবন্ধন সনদ বাতিল করার কারণ হিসেবে ডুবলিকেট সনদ নিবন্ধন অপশন সিলেক্ট করতে হবে। এভাবে আপনারা পরবর্তীতে আবেদনকারীর তথ্য প্রদান করবেন এবং আবেদনকারী যদি আপনি নিজে হয়ে থাকেন তাহলে অবশ্যই নিজ অপশন দিয়ে দিবেন। আর আপনি যদি এটি কোন বাইরের লোক দিয়ে করিয়ে থাকেন তাহলে অবশ্যই অন্যান্য অপশন দিয়ে পরবর্তীতে সেই ব্যক্তির মোবাইল নাম্বার এবং ইমেইল এড্রেস দিতে হবে।

তবে এই ধরনের তথ্য আপনার ফোনে এসএমএসের মাধ্যমে হালনাগাদ করা হবে বলে আপনারা অবশ্যই নিজের নাম্বার ব্যবহার করবেন এবং ঘরে বসে চাইলে আপনার এই কাজ সহজেই নিজেরাই করতে পারেন। এখানে এই ঘরে সকল তথ্য পূরণ করে আপনারা পরবর্তী পেয়ে যাবেন এবং পরবর্তী পেজে গিয়ে দেখবেন যে আপনাদের জন্ম নিবন্ধন এর সার্টিফিকেট বাতিল করার জন্য যে আবেদন করেছিলেন তা গ্রহণ করা হয়েছে এবং তার জন্য আপনাকে একটি আবেদনের নাম্বার প্রদান করা হয়েছে। আপনারা এখন এখান থেকেই জন্ম নিবন্ধন সনদ এর সার্টিফিকেট বাতিলের জন্য আবেদন করলেন সেই আবেদন পত্র পিডিএফ আকারে ডাউনলোড করার অপশন পেয়ে যাবেন। এই পিডিএফ ফাইল ডাউনলোড করে নিয়ে আপনারা স্থানীয় নিবন্ধকের কার্যালয় জমা দিলে তারা আপনাকে অনলাইনের মাধ্যমে আপনার জন্ম নিবন্ধন সনদ বা সার্টিফিকেট এর তথ্য ক্যানসেল করে দেবে বা তারা ডিলিট করে দিবে।অবশ্যই এই ক্যানসেল আবেদন করার পরে আপনাদের ১৫ দিনের ভেতরে আবেদনপত্র নিবন্ধকের কার্যালয় জমা দিতে হবে। আশা করি বুঝতে পেরেছেন কিভাবে জন্ম নিবন্ধন আবেদন বাতিল করা যায় ।